

অর্থ-সম্মান দুই-ই মেলে

নিচের ১৩টি ধাপ মেনে নিরাপদ অভিবাসন নিশ্চিত করুন:

১. বৈধ ও নিরাপদভাবে বিদেশ গমনের সিদ্ধান্ত নিন।
২. প্রথমে লাভ-ক্ষতির হিসাব করুন, তারপর বিদেশ গমনের ব্যাপারে সিদ্ধান্ত নিন।
৩. সংশ্লিষ্ট ডিইএমও অফিস ডাটাবেইজে নাম নিবন্ধন করুন।
৪. গন্তব্য দেশের ভাষা জেনে নিন এবং সংশ্লিষ্ট কাজের প্রশিক্ষণ গ্রহণ করুন।
৫. সরকার অনুমোদিত রিক্রুটিং এজেন্ট-এর মাধ্যমে বিদেশ যান।
৬. নিজের পাসপোর্ট নিজেই রাখুন এবং ভিসা সংগ্রহ ও যাচাই করুন।
৭. বিদেশ যাওয়ার আগে ভালো মতো পড়ে ও বুঝে চুক্তিপত্রে স্বাক্ষর করুন।
৮. অনুমোদিত মেডিকেল সেন্টার হতে স্বাস্থ্য পরীক্ষা করুন।
৯. সংশ্লিষ্ট ডিইএমও অফিসে ফিঙ্গার প্রিন্ট বা আঙ্গুলের ছাপ দিন।
১০. বিদেশ যাওয়ার পূর্বে তিন দিনের প্রাক-বহির্গমন প্রশিক্ষণে অংশ নিন।
১১. বিদেশ যাওয়ার পূর্বে ২টি ব্যাংক হিসাব খুলুন।
১২. বিএমইটির স্মার্ট কার্ড গ্রহণ করুন।
১৩. বিদেশে যাওয়ার পূর্বে সমস্ত কাগজপত্রের তিন সেট ফটোকপি করে সংরক্ষণ করুন যার মধ্যে চুক্তিপত্র, ভিসার কপি, পাসপোর্টের কপি, মেডিকেল রিপোর্ট এবং স্মার্ট কার্ডের কপি থাকতে হবে।

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অধীনে অভিবাসী কর্মী ও তাদের পরিবারের জন্য সেবাসমূহ:

- বিমানবন্দরে প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক সহায়তা।
- প্রবাসী কর্মীর মেধাবী সন্তানদের শিক্ষা বৃত্তি প্রদান।
- প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদেও মাসিক ভাতা প্রদান।
- বিদেশগামী সকল কর্মীকে বীমা সুবিধা প্রদান।
- আহত ও অসুস্থ কর্মীদের সহায়তা।
- মৃতদেহ আনয়ন ও অ্যাম্বুলেন্স সেবা।
- প্রবাসে মৃত কর্মীর পরিবারকে মৃতদেহ পরিবহন ও দাফনের খরচ বাবদ ৩৫ হাজার এবং ৩ লক্ষ টাকা আর্থিক সহায়তা।
- বিদেশে সেইফ হোম পরিচালনা।
- প্রবাসী কর্মীদের সাময়িক অবস্থানের জন্য বঙ্গবন্ধু ওয়েজ আর্নার্স সেন্টার (হোস্টেল/ডরমেটরি)।
- দেশে-বিদেশে আইনি সহায়তা।
- রিইন্টিগ্রেশন ও পুনর্বাস কর্মসূচি।

শ্রম অভিবাসন সংক্রান্ত যেকোনো তথ্য ও সেবার জন্য যোগাযোগ করুন:

প্রবাসবন্ধু কল সেন্টার হটলাইন নম্বর: ০১৭৮৪৩৩৩৩৩৩

সরকারি আইন সেবা হটলাইন নম্বর: ১৬৪৩০

জরুরি সেবা হটলাইন নম্বর: ৯৯৯

তথ্য সেবা হটলাইন নম্বর: ৩৩৩

রামরু হটলাইন নম্বর: ০১৯১১৭৪৪৬২৪

বিস্তারিত তথ্যের জন্য সরাসরি যোগাযোগ করুন:

সিমস প্রকল্প অফিস, রামরু, হাউজ নং: ১২, ব্লক: এ, সেকশন: ৩, হাউজিং এস্টেট, কুমিল্লা।